

“শেখ হাসিনার মমতা,
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.১৮.০০১.২১.০৮

তারিখ: ২৯ পৌষ ১৪২৮
১৩ জানুয়ারি ২০২২

বিষয়: প্রতিবন্ধী ব্যক্তিদের কোভিড-১৯-এর টিকার আওতায় আনার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।
সূত্র: সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের টেলিফোনিক নির্দেশ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, প্রতিবন্ধী ব্যক্তিদের টিকাদানের হার তুলনামূলকভাবে কম। একজন প্রতিবন্ধীর পক্ষে নিজ উদ্যোগে টিকা গ্রহণ করা যেমন সম্ভব নয় তেমনিভাবে তাদের সকলকে টিকা কেন্দ্রে আনার মত সক্ষম লোকও সব ক্ষেত্রে নেই। প্রতিবন্ধী ব্যক্তিদের দায়িত্ব সমাজকল্যাণ মন্ত্রণালয় বা সমাজসেবা অধিদপ্তরকেই নিতে হবে।

এমতাবস্থায় প্রত্যেক উপজেলা সমাজসেবা অফিসার/সমাজসেবা অফিসার ইউসিডিকে তার অধিক্ষেত্রাধীন প্রতিবন্ধীদের স্থানীয় সিভিল সার্জন/হাসপাতাল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রতিবন্ধীদেরকে ১০০% টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরিচালক (প্রতিষ্ঠান) সমাজসেবা অধিদপ্তর বিষয়টি মনিটরিং করবেন এবং প্রতিদিন মন্ত্রণালয়ে প্রতিবেদন দিবেন।

সকল উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় ও বিভাগীয় পরিচালক সকল বিভাগ বিষয়টি নিশ্চিত করবেন।

(শেখ রফিকুল ইসলাম)

মহাপরিচালক

☎ ০২-৫৫০০৭০২৪

ই-মেইলঃ dg@dss.gov.bd

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, (প্রতিষ্ঠান) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল).....।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল).....।
- ৪। উপজেলা সমাজসেবা অফিসার/শহর সমাজসেবা অফিসার (সকল).....।

বিতরণ: জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।